



জগন্নাথ বিশ্ববিদ্যালয়  
Jagannath University

আন্তঃবিভাগ প্রেজেন্টেশন প্রতিযোগিতা ২০১৯



৩১ মার্চ, ২০১৯-রবিবার জগন্নাথ বিশ্ববিদ্যালয় আইটি সোসাইটির আয়োজনে কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের কনফারেন্স রুমে আন্তঃবিভাগ প্রেজেন্টেশন প্রতিযোগিতা ২০১৯ এর সমাপনী ও পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান।

কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের চেয়ারম্যান অধ্যাপক ড. উজ্জ্বল কুমার আচার্যের সভাপতিত্বে অনুষ্ঠানে সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কোষাধ্যক্ষ অধ্যাপক মো: সেলিম ভূঁইয়া।

উল্লেখ্য উক্ত প্রতিযোগিতায় জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের সকল বিভাগ থেকে মোট ৩৯ টি দল অংশগ্রহণ করে। এখান থেকে ৪টি গ্রুপে ১৬ টি দল ২য় গ্রুপে এবং ফাইনালে এসে ৪ টি দল প্রতিযোগিতা করে। চ্যাম্পিয়ন দল হিসেবে নির্বাচিত হয় ফিন্যান্স বিভাগের দল এবং প্রতিযোগিতায় সেরা বক্তা হিসেবে নির্বাচিত হয় মিনহাজুর রহমান। প্রতিযোগিতায় বিচারক প্যানেলে ছিলেন আইন অনুষদের ডিন অধ্যাপক ড. ক্রিশ্চিয়ান রিচার্ডসন, আধুনিক ভাষা ইনস্টিটিউটের পরিচালক ড. প্রতিভা রানী কর্মকার এবং সিএসই বিভাগের সহযোগী অধ্যাপক মেজবাউল আলম পলাশ।